মেহেরপুরে ডিবির অভিযানে মাদক ও জুয়াড়ীসহ ৪ জন গ্রেপ্তার, ৩ মোবাইল উদ্ধার

মেহেরপুরে দিনব্যাপী অভিযান চালিয়ে চারজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি)। অভিযানে ২০ পিস ইয়াবা, ১৫ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও অনলাইনে জুয়া খেলার কাজে ব্যবহৃত তিনটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে।

শুক্রবার সদর ও গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযান চালিয়ে এসব মাদক ও মোবাইল ফোন উদ্ধার করা হয়।

জেলা গোয়েন্দা শাখা সূত্রে জানা গেছে, ডিবির ইনচার্জ প্রদীপ কুমার সানার নেতৃত্বে গাংনী উপজেলার ছাতিয়ান শেখপাড়া এলাকায় অভিযান চালানো হয়। এ সময় ছাতিয়ান গ্রামের মাফিক হোসেন (২৫)কে আটক করা হয়। তার কাছ থেকে ২০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। মাফিক হোসেন ছাতিয়ান (শেখপাড়া) গ্রামের মতিয়ার রহমানের ছেলে।

অন্যদিকে, গাংনী উপজেলার নওয়াপাড়া বাজারে শিমুল মিয়ার মিষ্টির দোকানে অভিযান চালিয়ে শিমুল মিয়া (৩৩) ও মাইলমারী গ্রামের মিশুক-উজ-জামান (৩১)কে গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে অনলাইনে জুয়া খেলার কাজে ব্যবহৃত তিনটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন উদ্ধার করা হয়।

এ ছাড়া মেহেরপুর সদর উপজেলার কেশবপাড়া গ্রামের দিঘীরপাড়া থেকে বেড়পাড়াগামী পাকা সড়কে অভিযান চালিয়ে লিজন (৪৫) নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তার কাছ থেকে ১৫ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার করা ট্যাপেন্টাডলের ওজন ৬ গ্রাম এবং আনুমানিক মূল্য ৪ হাজার ৫০০ টাকা।

জেলা গোয়েন্দা শাখা জানিয়েছে, এসব ঘটনায় মেহেরপুর সদর ও গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও জুয়া প্রতিরোধ আইনে পৃথক মামলা করা হয়েছে।

জেলা পুলিশ জানিয়েছে, অনলাইন ক্যাসিনো ও মাদকের বিরুদ্ধে তাদের অভিযান অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]